WORLD LEPROSY DAY

# Tea workers worst-affected

MINTU DESHWARA

Tea garden workers in the country's northeastern region are at high risk of developing leprosy due to their unhygienic living conditions, malnutrition and lack of awareness.

Around 98 percent of leprosy-infected people in Moulvibazar, 62 percent in Sylhet and 72 percent in Habiganj, belong to tea worker communities, according to district civil surgeons.

The division includes four districts -- Sylhet, Moulvibazar, Habiganj and Sunamganj.

Of them, Moulvibazar ranks top in leprosy-affected districts, with 660 patients currently, said the district's Civil Surgeon Chowdhury Jalal Uddin Murshed.

Amid such a situation, Bangladesh, along with other countries across the world, is going to observe World Leprosy Day today.

Tea worker Sagor Moin Bauri, 40, who lives at a tea garden colony in Moulvibazar's Kamalganj upazila, has been suffering from leprosy for around five years.

"One day around five years ago, I found some hypopigmented skin patches on my face and body. It gradually spread further," she said.

"Initially, I did not get diagnosed as I was not aware of the disease. After diagnosis, doctors told me that I got infected with leprosy. I'm currently undergoing treatment."

"Since news spread in our colony, I'm

SEE PAGE 4 COL 7



The regional round of season 3 of The Daily Star Newspaper Olympiad was held at University of Global Village in Barishal yesterday. A total of 398 students from Barishal participated in the event. Of them, 50 participants will be selected for the finale in Dhaka on March 20, where they will compete with 1,200 participants from across the country.

PHOTO: STAR

HIGHWAY ROBBERY

## Seven held for stealing garment worth Tk 5cr

STAFF CORRESPONDENT

Rapid Action Battalion yesterday arrested seven members of a highway-theft gang and recovered exportable garments worth Tk 5 crore from Langalbandh area in Narayanganj.

The elite force arrested them while they were stealing garment products from a covered van parked at a sawmill depot near Dhaka-Chattogram highway.

The arrestees are Ripon alias Chhoto Ripon, 43, leader of the gang; his key

SEE PAGE 4 COL 3


রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা
web: www.pch.gov.bd
e-mail: pangaoncustoms@gmail.com

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর-২(০১)০১/জন প্রশাঃ/বিবিধ/কাঃহাঃপাঃ/২০১৯/

তারিখ: -০৯- ১৪২৯ বঙ্গাব্দ / -০১- ২০২৩ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ০৭ (সাত) টি ক্যাটাগরির মোট ১৮ (আঠার) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইন (Online-এ http://pch.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০৪ টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | নারায়ণগঞ্জ, মাদারীপুর, শেরপুর, রাঙ্গামাটি, জয়পুরহাট, লালমনিরহাট, নীলফামারী, মাগুরা, বাগেরহাট এবং পটুয়াখালি। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধি প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০ -২৪,৬৮০/- | ০১ টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং গ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ ও ইংরেজী- ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজি-৩০ শব্দ। | |
| ৩. | স্পীড বোট ড্রাইভার (গ্রেড-১৪) ১০,২০০ -২৪,৬৮০/- | ০১ টি | (ক) অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ: (খ) ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে হালনাগাদ স্পীড বোট চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | |
| ৪. | ড্রাইভার (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালক অগ্রাধিকার পাবেন। | |
| ৫. | সিপাই (গ্রেড-১৭) ৯,০০০-২১,৮০০/- | ০৭ টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) উচ্চতা: ন্যূনতম ৫'-৪" পুরুষ, ৫'-২" মহিলা, বুকের মাপ: ন্যূনতম ৩০"-৩২" (উভয় ক্ষেত্রে)। | |
| ৬. | সুকানি (গ্রেড-১৮) ৮,৮০০-২১,৩১০/- | ০১ টি | (ক) অভ্যন্তরীণ জাহাজে সুকানি হিসেবে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সহ সরকার কর্তৃক স্বীকৃত মেরিন ট্রেনিং সেন্টার বা সামুদ্রিক প্রতিষ্ঠান থেকে ট্রেড সার্টিফিকেট। | কিশোরগঞ্জ, জয়পুরহাট, ঠাকুরগাঁও এবং পিরোজপুর। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধি প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭. | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০ -২০,০১০/- | ০৩ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

আবেদন করার নিয়মাবলি/শর্তাবলিঃ

১।

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৮ হতে ৩০ বছর | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ: ২২/০৯/০২২ খ্রি: মোতাবেক আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮(আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (খ) উচ্চমান সহকারী এবং সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীর বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। |

২। সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

৪। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে শারীরিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপি এবং নিম্নোক্ত পত্রাদি/সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে:
(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি;
(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখ পূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;
(ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। লিখিত এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা, শারীরিক পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) কাস্টম হাউস, পানগাঁও, ঢাকার ওয়েবসাইটে (www.pch.gov.bd) পাওয়া যাবে।

৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৮। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://pch.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩১/০১/২০২৩ খ্রিঃ সকাল ০৯.০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩/০২/২০২৩ খ্রিঃ বিকাল ০৪.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে ১নং থেকে ৪নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৫নং থেকে ৭নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা Teletalk pre-paid mobile নম্বররের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: **PCH**<space>**UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **PCH ABCDEF**
Reply: Applicant's Name, TK-112/223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PCH<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **PCH**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **PCH Yes 12345678**
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for PCH Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pch.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে:
**PCH**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222.
Example: **PCH Help User ABCDEF**
(ii) PIN Number জানা থাকলে:
**PCH**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **PCH Help PIN 12345678.**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কাস্টম হাউস, পানগাঁও, ঢাকার ওয়েবসাইট www.pch.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/pch ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.pch.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd; এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: PCH; Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২। এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান(সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

জনাব মোঃ মশিয়ার রহমান মন্ডল
উপ কমিশনার
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।

GD- 135